

RentSafeTO:

অ্যাপার্টমেন্ট বিল্ডিং স্ট্যান্ডার্ড প্রোগ্রাম

রেন্টসেফ TO: অ্যাপার্টমেন্ট বিল্ডিং স্ট্যান্ডার্ড প্রোগ্রাম হল একটা উপবিধি বলবৎ কর্মসূচি। এর সাহায্যে টরন্টোর অ্যাপার্টমেন্ট বিল্ডিং মালিক ও অপারেটররা বিল্ডিং রক্ষণাবেক্ষণের মানদণ্ড রক্ষা করতে পারবেন।

এই কর্মসূচি প্রযোজ্য হবে তিন বা তার বেশি তলার এবং 10 বা তার বেশি ইউনিটের ভাড়ার প্রপার্টির ক্ষেত্রে। ব্যক্তিগত মালিকানাধীন কন্ডোমিনিয়াম ও আবাসনের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না।

রেন্টসেফ TO অনুযায়ী বিল্ডিং মালিক ও অপারেটরদের অতি অবশ্যই

- সিটিতে নিজেদের বিল্ডিংকে রেজিস্টার করাতে হবে, তারপর বছরে-বছরে রিনিউ করাতে হবে
- টেনেন্ট সার্ভিসের অনুরোধ ট্র্যাক করার ও তাতে রেসপন্ড করার প্রক্রিয়া থাকতে হবে
- সর্বজনীন স্থানগুলো পরিচ্ছন্ন ও পোকামাকড়ের উপদ্রব হীন হয়ে আছে কি না তা নিয়মিত পরিদর্শন করতে হবে
- রক্ষণাবেক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনা, পরিচ্ছন্নতার ব্যবস্থা সহ জল, তাপ ও বিদ্যুৎ পরিষেবার মতো গুরুত্বপূর্ণ পরিষেবা ব্যাহত হতে তার ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা নিয়ে রাখতে হবে
- পরিষেবা ব্যাহত হওয়ার কথা ভাড়াটীদের আগাম জানাতে হবে
- বিল্ডিংয়ের রুটিন মূল্যায়ন করাতে হবে
- সিটির প্রযোজ্য সমস্ত উপবিধি মেনে চলতে হবে

যেসব বিল্ডিং মালিক ও অপারেটর সিটির উপবিধি মেনে চলবেন না, তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হতে পারে।

অনলাইনে বিল্ডিং মূল্যায়নের ফল দেখা যাবে

এই শহরের প্রশাসন তিন বছর অন্তর অন্তর একবার রেন্টসেফ TO বিল্ডিং মূল্যায়ন করে দেখে। এই প্রক্রিয়ায় সর্বজনীন স্থান, মেকানিক্যাল ও সুরক্ষা ব্যবস্থা, পার্কিং ও বাইরের মাঠ ইত্যাদির অবস্থা স্ট্রীফ পরিদর্শন ও মূল্যায়ন করেন।

আপনার অ্যাপার্টমেন্টের ফলাফল জানতে toronto.ca/RentSafeTO দেখুন।

আমার ভাড়ার ইউনিটে কোনও সমস্যা থাকলে সেটা ঠিক করব কী ভাবে?

আপনার ইউনিট বা আপনার বিল্ডিংয়ের সর্বজনীন স্থানে আপনার যদি কোনও সমস্যা হয়ে থাকে, তাহলে আপনাকে প্রথমে নিজের বিল্ডিংয়ের মালিক/অপারেটরের সঙ্গে যোগাযোগ করতে হবে, তারপর পরিষেবার জন্য একটা আবেদন জমা দিতে হবে।

সমস্যা যে-কোনও ধরনের হতে পারে। যেমন, জানলা-দরজা ভাঙা, তাপ খুব কম বা একেবারে নেই, এবং পোকামাকড়ের উৎপাত।

আপনি পরিষেবার আবেদন জানালে, সেটার একটা কপি নিজের কাছে রাখবেন। ভাড়াটেরা যেসব পরিষেবার আবেদন জানাবেন, সেগুলোর ট্র্যাক রাখতে হবে বিল্ডিংয়ের মালিকদের।



সমস্যার সমাধান হতে কতদিন লাগবে?

জরুরি আবেদনে বিল্ডিংয়ের মালিক/অপারেটরদের 24 ঘণ্টার মধ্যে সাড়া দিতে হবে। গুরুত্বপূর্ণ পরিষেবা ব্যাহত হওয়া সংক্রান্ত সমস্যা সমাধানের আবেদন জানানো হলে, তাকে জরুরি আবেদন বলে ধরতে হবে। যেমন:

- বিদ্যুৎ
- গ্যাস
- তাপ
- জল
- বিল্ডিংয়ের সুরক্ষা লঙ্ঘন বা বিল্ডিংয়ের বাইরে থেকে হওয়া কোনও সমস্যা

জরুরি ব্যতীত অন্য আবেদনে সাত দিনের মধ্যে সাড়া দিতে হবে। যেমন, জলের জন্য হওয়া সামান্য কোনও সমস্যা বা ক্যাবিনেট বা টাইলস-এর মতো কোনও জিনিস ভেঙে যাওয়া।

সমস্যার সমাধান না-হলে কী করতে হবে?

আপনার বাড়ির মালিক যদি কোনও ব্যবস্থা না-নিয়ে থাকেন, বা সমস্যার যদি সমাধান না-হয়, তাহলে 311-তে যোগাযোগ করবেন। পরিষেবার জন্য আপনি যে-আবেদন জানিয়েছিলেন, সেটা রেন্টসেফ TO স্টাফের কাছে পাঠিয়ে দেওয়া হবে, তিনিই বিষয়টির তদন্ত করবেন।

311 থেকে আপনাকে যে-রেফারেন্স নম্বর দেওয়া হবে, সেটা toronto.ca/311-তে ব্যবহার করে আপনি নিজের আবেদনের স্থিতি ট্র্যাক করে নিতে পারবেন।

toronto.ca/RentSafeTO